যুগান্তর

MAR 02 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# তিন মাস পর পরীক্ষা বাতিল

বরিশাল ব্যুরো ঃ

পরীক্ষা অনুষ্ঠানের তিন মাস পর তা বাতিলের নির্দেশ দেয়া হয়েছে। নার্সিং ইন্সটিটিউটের ছাত্রছাত্রীরা এ খবরে বিক্ষুব্ধ হয় এবং মেডিকেল কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। গত বছরের ২৫ নভেম্বর তাদের দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের বার্ষিক ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। ছাত্রছাত্রীরা যখন পরীক্ষার ফলাফলের অপেক্ষা করছে তখন নার্সিং কাউন্সিলের এ ধরনের নির্দেশে তারা হতভম্ব। একই নির্দেশে আগামী ২০ এপ্রিল নতুন করে বাতিল করা পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্রছাত্রীরা ঘোষিত পরীক্ষা বাতিল এবং ফলাফল বহাল রাখার দাবি করেছে। এ দাবি মানা না হলে

বাতিল : পৃষ্ঠা : ৬ কলাম : ২

## বাতিল : পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

হাসপাতালে তাদের দায়িত্ব পালন বন্ধ করাসহ কঠোর কর্মসূচি গ্রহণ করবে বলে তারা জানায়।